

আমার কী বেদনা সে কি জানো  
 ওগো মিতা, সুদূরের মিতা ।  
 বর্ষণনিবিড় তিমিরে যামিনী বিজুলি-সচকিতা ॥  
 বাদল-বাতাস ব্যেপে আমার হৃদয় উঠিছে কেঁপে—  
 সে কি জানো তুমি জানো ।  
 উৎসুক এই দুখজাগরণ এ কি হবে বৃথা  
 ওগো মিতা, সুদূরের মিতা,  
 আমার ভবনদ্বারে রোপিলে যারে  
 সেই মালতী আজি বিকশিতা— সে কি জানো ।  
 যারে তুমিই দিয়েছ বাঁধি  
 আমার কোলে সে উঠিছে কাঁদি— সে কি জানো তুমি জানো ।  
 সেই তোমার বীণা বিস্মৃতা ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Dadra, Style: Kirtan  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail